# মুখবন্ধ

বর্তমানে প্রাণিপালন গ্রামীণ খামারিদের অর্থনৈতিক উন্নয়নের একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার। প্রাণি উৎপাদনের সাথে প্রাণি বিক্রি অঙ্গাঅঙ্গিভাবে জড়িত। লাভজনকভাবে প্রাণী উৎপাদন নির্ভর করে কিছু গুরুত্বপূর্ণ বিষয়ের ওপর। যার মধ্যে প্রাণী বিক্রি করা অন্যতম। খামারিরা প্রাণি বিক্রি করতে গিয়ে বিভিন্ন সমস্যার সম্মুখীন  হয় এবং প্রাণীগুলি বিক্রি করে খামারিরা তেমন লাভবান হতে পারে না। যার অন্যতম কারণ হচ্ছে বাজার মূল্য সম্পর্কে অজ্ঞতা এবং দালাল চক্র। এছাড়াও তাদের সময় ও অর্থের অপচয় হয়। উল্লেখিত বিষয়গুলো বিবেচনাপূর্বক খামারিদের সহজ সমাধান কল্পে বিএলআরআই গ্রীনওয়ে বিজনেস নামে একটি এ্যানড্রয়েড অ্যাপ্লিকেশন’ উদ্ভাবন করেছে। যাতে মোবাইলের মাধ্যমে খামারিরা প্রাণী ক্রয় বিক্রয় যেমনঃ গরু, ছাগল, হাঁস, মুরগি, ভেড়া, মহিষ এবং উৎপাদিত পণ্য যেমন : ডিম, দুধ, মাংস ইত্যাদি খামারি তার খামার বা বাড়ি থেকে বিক্রি করতে পারবে। এছাড়া ও প্রাণীর জন্য দানাদার খাদ্য যেমন : গম, ভূষি, আটা, ছোলা এবং প্রাণীর বিভিন্ন খাদ্যও ক্রয় করতে পারবে। তাছাড়াও এই অ্যাপের মাধ্যমে প্রাণীর জন্য স্বাস্থ্য সেবা গ্রহণ করতে পারবে। এজন্য অ্যাপটিতে মতামত দিন নামে একটি অপশনও অন্তর্ভূক্ত করা হয়েছে যা বিজ্ঞানী ও খামারিদের মধ্যে একটি সেতুবন্ধন হিসেবে কাজ করবে। এতে করে খামারিরা বেশি লাভবান হতে পারবে। বর্তমান সরকারের রূপকল্প ২০৪০ অর্জন লক্ষ্যে অ্যাপটি সহায়ক হিসেবে কাজ করবে। একইভাবে তরুণ সমাজ ও নারী জনগোষ্ঠিকে প্রাণী পালনে অধিক আগ্রহী করার মধ্য দিয়ে আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং দেশে দুধ ও মাংসের চাহিদা পূরণে সহায়ক ভূমিকা রাখবে বলে দৃঢ়ভাবে বিশ্বাস করি।

**ড. এস এম জাহাঙ্গীর হোসেন**
মহাপরিচালক
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

# বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট কর্তৃক উদ্ভাবিত খামারিবান্ধব গ্রীনওয়ে বিজনেস" মোবাইল অ্যাপস-এর ব্যবহার বিধি

## ভূমিকা

প্রাণিসম্পদ বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ সম্পদ। বর্তমানে প্রাণিসম্পদ পালনের গুরুত্ব বৃদ্ধি পাচ্ছে। লাভজনক প্রাণী উৎপাদন অনেকগুলি বিষয়ের উপর নির্ভরশীল যেমন, প্রাণিরোগ ভ্যাকসিন, খাদ্য খরচ, প্রাণী উৎপাদন ও বিক্রি অন্যতম। খামারিরা প্রাণী বিক্রি করতে গিয়ে বিভিন্ন সমস্যার সম্মুখীন হয় এবং প্রাণীগুলি বিক্রি করে খামারিরা তেমন লাভবান হতে পারে না। যার অন্যতম কারণ হচ্ছে বাজার মূল্য সম্পর্কে অজ্ঞতা এবং দালাল চক্র। ২০০৮ সালের সরকারের নির্বাচনী ইশতেহারের অংশ হিসাবে বাংলাদেশ সরকার ফ্ল্যাগশিপ উদ্যোগ ("ডিজিটাল বাংলাদেশ ২০২১") দ্বারা ফ্রন্টেড আইসিটি প্রচারে ব্যাপকভাবে প্রচারণা চালায়। ভিশনটি মানবসম্পদ উন্নয়নের মাধ্যমে ডিজিটাল ক্ষমতায়নের একটি হাতিয়ার হিসেবে আইসিটি-কে মূলধারার প্রস্তাব করে, মোবাইলের অনুপ্রবেশ বৃদ্ধি, অ্যাক্সেস বাড়ানোর জন্য সরকারি পরিষেবাগুলিকে ডিজিটালাইজ করে এবং ব্যবসায় আইসিটি একীভূত করে। এটি ২০০৭ সাল থেকে অ্যাক্সেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের সাথে এটিকে একীভূত করেছে, যার লক্ষ্য ছিল পাবলিক সার্ভিস ডেলিভারিতে আইসিটি ব্যবহার করা এবং শিক্ষা, স্বাস্থ্য এবং কৃষির মতো সামাজিক খাতে আইসিটির ব্যবহার বাড়ানো। এজন্য বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট "গ্রীনওয়ে বিজনেস" নামে একটি অ্যাপস নিয়ে এসেছে যা খামারিদের জন্য লাভজনক একটি অ্যাপস। এ অ্যাপস ব্যবহার করে খামারিরা অল্পসময়ে এবং কম খরচে তাদের পালন করা প্রাণীটি বিক্রি করে লাভবান হতে পারবে। এ অ্যাপস এর মাধ্যমে খামারিরা তাদের গৃহপালিত প্রাণীর জন্য ঘরে বসে খাদ্য কিনতে পারবে। এছাড়া দুধ, ডিম, মাংসও তারা ঘরে বসে বিক্রি করতে পারবে। যা খামারিদের সময় ও ভোগান্তি কমাতে বিশেষ অবদান রাখবে। তাই বলা যায় সল্প সময়ে বেশি আয় বিএলআরআই এর এই গ্রীনওয়ে বিজনেস অ্যাপস দ্বারা করা সম্ভব। এভাবে অ্যাপসটি দেশের খামারি তথা দেশের অর্থনৈতিক উন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে।

## লক্ষ্য ও উদ্দেশ্য

- সহজে, কম সময়ে প্রাণী ক্রেতা ও ভোক্তার মধ্যে সেতুবন্ধন তৈরি করা
- নতুন নতুন উদ্ভাবিত প্রযুক্তি সম্পর্কে জ্ঞানলাভ ও এর ব্যবহার
- হোল সেল সেন্টারের সাথে যোগাযোগের মাধ্যমে নিত্যদিনের বাজারমূল্য সম্পর্কে ধারণা ও বিক্রি
- প্রশ্ন জিজ্ঞাসা ও খামারিরা নিজেদের মধ্যে ও অভিজ্ঞ ব্যক্তির সাথে আলোচনা

## সুবিধাসমূহ

- “গ্রীনওয়ে বিজনেস” অ্যাপস একটি এ্যানড্রয়েড মোবাইল অ্যাপ্লিকেশন। খামারিবান্ধব এই অ্যাপ্লিকেশনটি যেকোন এ্যানড্রয়েড মোবাইলে ব্যবহার করা যায়।
- এর মাধ্যমে খামারি তার বিক্রির জন্য প্রয়োজনীয় প্রাণীটি অল্প সময়ে বিক্রি করতে পারে। এতে করে খামারি বেশি লাভবান হতে পারে।
- অ্যাপসটির মাধ্যমে খামারি তার নিজ বাড়ি বা খামার থেকে বিক্রির জন্য উপযোগী প্রাণীটি বিক্রি করতে পারে। এজন্য তাকে বাজারে গিয়ে ভোগান্তি পোহাতে হয় না।
- যেহেতু খামারিকে বাজারে গিয়ে ভোগান্তি পোহাতে হয় না এতে করে সে বাজারে আনা নেওয়া ও হাসিল ইত্যাদি খরচ থেকে রক্ষা পায়।
- অ্যাপসটিতে প্রযুক্তি পল্লীর বিক্রয়যোগ্য প্রাণিগুলির বর্ণনা রয়েছে। এতে ক্রেতারা স্বাস্থ্যবান, রোগমুক্ত পছন্দের প্রাণীটি ক্রয় করতে পারবেন। ফলশ্রুতিতে নিরাপদ প্রানিজ আমিষের সরবরাহ বাড়বে।
- যেহেতু অ্যাপসটিতে প্রাণী খাদ্য নামে একটি অংশ রয়েছে সেখান থেকে খামারি ঘরে বসে প্রাণীখাদ্যও কিনতে পারে।
- অ্যাপসটি ব্যবহার করে খামারিরা অল্প সময় বেশি আয় করতে সক্ষম হবে।

## ১. গ্রীনওয়ে অ্যাপস ইনস্টল করার নিয়ম

প্রথমে Play store এ গিয়ে গ্রীনওয়ে/Greenways business লিখে সার্চ দিন এবং অ্যাপস ইনস্টল করুন, অ্যাপস ওপেন করুন ও Allow তে ক্লিক করুন এবং Permission আসলে ok লিখুন।

## ২. অ্যাপসটি ব্যবহারের / চালু করার জন্য করণীয়

প্রথমে নিচে Account / Login এ ক্লিক করুন, প্রথমে রেজিস্ট্রেশন অপশনে ক্লিক করুন, তারপর প্রথমে নিজের নাম লিখুন, দ্বিতীয়বার নিজের নাম / খামারের নাম লিখুন, তারপর মোবাইল নাম্বার দিন, তারপর নিচে মনে রাখার মত একটি পাসওয়ার্ড দিন, তারপর নিচে সাবমিট এ ক্লিক করুন, আপনার Account টি রেজিস্ট্রেশন হয়ে যাবে, এখন লগইন অপশনটিতে ক্লিক করুন, প্রথমে মোবাইল নাম্বার দিন, তারপর নিচে পাসওয়ার্ড দিন।

## ৩. ব্যবহার বিধি

Add product অপশনে গিয়ে প্রথমে আপনার যে প্রাণীটি বিক্রি করবেন তার নাম নির্বাচন করুন। প্রাণীটি গরু হলে গরুতে ক্লিক করুন, ছাগল হলে ছাগলে ক্লিক করুন, ভেড়া হলে ভেড়াতে ক্লিক করুন। এখন বিক্রি করার জন্য প্রাণীটির প্রথমে জাত লিখুন, কী রঙ তা লিখুন, ওজন লিখুন, ওজন সাপেক্ষে প্রাণীটির মূল্য লিখুন, আলোচনা সাপেক্ষে অপশনটিতে টিক চিহ্ন দিয়ে রাখুন এবং পণ্যটির বিবরণ দিন। তারপর প্রাণীটির ভালোভাবে একটি ছবি আপলোড করুন। আপলোড হলে পণ্যযোগ করুন এ ক্লিক করুন, আপনার প্রাণীটি যোগ হয়ে যাবে। সকল প্রাণীর ক্ষেত্রে একই পদ্ধতি অবলম্বন করতে হবে। এবার উৎপাদিত পণ্যবিক্রির ক্ষেত্রে প্রথমে পণ্যটির নাম নির্বাচন করতে হবে। পণ্যটি ডিম হলে ডিমে ক্লিক করুন, তারপর ডিমে প্রকার লিখুন, কী রঙ তা লিখুন, পণ্যটির পরিমাণ লিখুন, পণ্যটির মূল্য লিখুন, আলোচনা সাপেক্ষে টিক চিহ্ন দিন, পণ্যটির বিবরণ দিন, পণ্যটির একটি ভালো ছবি আপলোড করুন, পণ্যযোগ করুন এ ক্লিক করুন, আপনার পণ্যটি যোগ হয়ে যাবে। ক্রেতার কাছে পণ্যটি বর্ণনা দ্রুত পৌঁছে যাবে।


## ৪. পণ্য যোগ করার জন্য করণীয়

এখন একদম নিচে দেখবেন Add product লেখা আছে, এখানে ক্লিক করে আপনার বিক্রি করা পণ্যটির বিবরণ দিন, আপনার পণ্যটির তথ্য দিন, পণ্যটি গরু হলে, প্রথমে গরুতে ক্লিক করুন, তারপর গরুটির জাত লিখুন, তারপর গরুটির রঙ লিখুন, তারপর গরুটির ওজন লিখুন, তারপর ওজন সাপেক্ষে পণ্যটির দাম লিখুন, আলোচনা সাপেক্ষে টিক দিয়ে দিন, তারপর গরুটির ছবি তুলে আপলোড দিন, পণ্যযোগ করুন অপশনটিতে ক্লিক করুন। আপনার পণ্যটি বিক্রয়ের জন্য যোগ হয়েছে।

## অ্যাপসের সচিত্র ব্যবহার পদ্ধতি

গ্রীনওয়ে মোবাইল অ্যাপসটি ব্যবহার খামারির ঘরে বসে অল্প সময়ে তাদের প্রাণী ও মুরগি এবং মুরগিজাত দ্রব্যাদি বিক্রি করতে পারবে। এতে বাজারে অ্যানিম্যাল নিয়ে যাওয়ার ভোগান্তি যেমন কমবে তেমনি তাদের সময় ও খরচ উভয়ই বাঁচবে। অ্যাপসটি বাংলায় তৈরি করা হয়েছে যাতে করে খামারিরা সহজেই এটা ব্যবহার করতে পারে। খামারিরা অ্যাপসটি শুধুমাত্র মোবাইল নাম্বার ব্যবহার করে লগইন করতে পারবে। খামারিরা তাদের গরু, ছাগল, মহিষ, ভেড়া, মুরগি, হাঁস ও মাংস, দুধ, ডিম এর, সঠিক তথ্য দিয়ে তাদের প্রয়োজনীয় বিক্রয় যোগ্য পণ্য এতে অন্তর্ভুক্ত করবে এবং পণ্য এর ছবি যোগ করার মাধ্যমে অন্যান্য খামারি থেকে শুরু করে কসাই ও বাজারে বিক্রি করতে পারবে। তারা পণ্যগুলি বিভিন্ন পাইকারি বাজার ও সুপারশপেও বিক্রি করতে পারবে।

# অ্যাপস ইনস্টল এবং চালু করার জন্য করণীয়





১) প্রথমে play store এ গিয়ে apps টি গ্রীনওয়ে/ greenway business বিজনেস নামে সার্চ দিই




২) apps টি ইনস্টল হলে open এ ক্লিক করুন। allow এ ক্লিক permissions আসলে ok




রেজিস্ট্রেশন করার নিয়ম





৩) নিচে account লেখা অপশন এ গিয়ে রেজিস্ট্রেশন করুন

**৪) রেজিস্ট্রেশন করুন :** প্রথমে নাম, তারপর ফার্মের নাম, মোবাইল নম্বর এবং পাসওয়ার্ড দিন, তারপর আপনার ঠিকানা দিয়ে সাবমিট অপশনে ক্লিক করুন। তারপর রেজিস্টার এ ক্লিক করুন।




৫) অ্যাপটি চালু করার জন্য প্রথম মোবাইল নম্বর, তারপর পাসওয়ার্ড দিন। তারপর লগ ইন অপশনে ক্লিক করুন।





## ৬) গরু/ মহিষ/ ছাগল/ ভেড়া বিক্রির জন্য করণীয়

প্রাণী বিক্রির জন্য প্রথমে Add Product অপশনটিতে ক্লিক করে পণ্যের বিবরণ দিন।

যেমন, প্রাণীটি গরু হলে প্রথমে গরুতে ক্লিক করুন, তারপর জাত, রঙ, ওজন এবং প্রাণীটির মূল্য লিখুন। আলোচনা সাপেক্ষে টিক চিহ্ন দিন এবং নিচে পণ্যের বিবরণ দিন। পণ্যের ছবি যোগ করুন অপশন গিয়ে বিক্রি করার প্রাণীটির ভালো একটি ছবি তুলে আপলোড দিন। আপলোড হয়ে গেলে পণ্য যোগ করুন অপশনটিতে ক্লিক করুন




## মাংস/ডিম বিক্রি

মাংস বিক্রির জন্য প্রথমে মাংস লেখা অপশনটিতে ক্লিক করে, তারপর মাংসের ধরন, রঙ, ওজন, মূল্য এবং আলোচনা সাপেক্ষে টিক চিহ্ন দিন, এবং নিচে পণ্যটির বিবরণ দিন।

## দুধ বিক্রি

দুধ বিক্রির জন্য প্রথমে দুধ লেখা অপশনটিতে ক্লিক করে, তারপর দুধের ধরন, ওজন, মূল্য এবং আলোচনা সাপেক্ষে টিক চিহ্ন দিন এবং নিচে পণ্যটির বিবরণ দিন। অনুরূপভাবে মুরগি, প্রাণী খাদ্যও যোগ করুন।

পণ্যের ছবি যোগ করুন অপশন গিয়ে বিক্রি করার পণ্যটির ভালো একটি ছবি তুলে আপলোড দিন। আপলোড হয়ে গেলে পণ্য যোগ করুন অপশনটিতে ক্লিক করুন।

## অ্যাপসটি ব্যবহারের সুবিধা

অ্যাপসটি ব্যবহার করে খামারিরা খুব সহজে তাদের গৃহপালিত প্রাণীগুলি বিক্রি করতে পারে। এজন্য খামারিকে বাজারে আসতে হয় না অ্যাপসটিতে বিজ্ঞাপনের মাধ্যমে বাড়ি থেকে খামারি তার প্রাণীটি বিক্রি করতে পারে। এভাবে খামারি বেশি লাভবান হতে পারে। খামারি অর্থনৈতিক উন্নয়নে বিশেষ ভূমিকা রাখে। এজন্য বলা যায় অল্প সময়ে বেশি আয় গ্রীনওয়ে অ্যাপস শেখায়। বিএলআরআই গ্রীনওয়ে অ্যাপসে বই অংশে খামারিদের জন্য তাদের পালিত প্রাণী বিক্রির করার জন্য বিভিন্ন পদ্ধতির কথা উল্লেখ করা হয়েছে। কোথায় এবং কীভাবে বিক্রি করবে সে সম্পর্কে বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে। এছাড়াও চিকিৎসার জন্য ও ভেটেরিনারিয়ানের পরামর্শ সেবা নেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এতে খামারিদের জন্য অল্প সময়ে বেশি আয় করার বিভিন্ন বিষয়গুলো সুন্দরভাবে তুলে ধরা হয়েছে। যাতে করে খামারি তাদের পালিত প্রাণীগুলি সহজে বিক্রি করে লাভবান হতে পারে। বিএলআরআই এর এ অ্যাপসটি খামারিদের খুব সহজে সফলতা আনয়ণ করে তাদের লক্ষ্যে পৌঁছাতে বিশেষ ভূমিকা রাখবে।

## মতামত দিন

এই অপশনটি খামারিরা খামারের বিভিন্ন সমস্যা সম্পর্কিত বিষয় নিয়ে সংশ্লিষ্ট বিজ্ঞানীদের সাথে আলোচনা করতে পারবেন এবং খামারে উদ্ভূত সমস্যার তাৎক্ষণিক সমাধান করতে পারবে।

## উৎস

এ মোবাইল অ্যাপসটি গুগল প্লেস্টোরে গ্রীনওয়ে বিজনেস/ Greenway business নামে পাওয়া যাবে।

## উপসংহার

বাণিজ্যিকীকরণ এবং ডিজিটালাইজেশন এখন বিশ্বকে বদলে দিয়েছে। ডিজিটালাইজেশন এখন প্রাণিসম্পদসহ সকল সেক্টরের জন্য আরও শক্তিশালী হাতিয়ার। এ অ্যাপটি প্রাণিসম্পদের সাথে সম্পৃক্ত কৃষকদের প্রাণী ব্যবসাকে আরও ডিজিটালাইজড করতে সাহায্য করবে এবং এর ফলে কৃষকদের জন্য কিছু সমস্যা সমাধানের হাতিয়ার তৈরি হবে এবং অন্যান্য কৃষকদের এ প্রযুক্তির অভিমুখী হতে এবং গ্রহণ করতে উৎসাহিত করবে। এ অ্যাপসটি একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে কাজ করবে কারণ অ্যাপসটি ব্যবহার করে খামারি অল্প সময়ে বেশি লাভবান হতে পারবে। এতে করে খামারিদের জীবনমান উন্নয়নের পাশাপাশি দেশের অর্থনৈতিক উন্নয়ন সাধিত হবে যা দেশের অর্থনীতিতে বিশেষ অবদান রাখবে। এ অ্যাপসটির কাজ চলমান রয়েছে এবং খামারি পর্যায়ে এটির ব্যবহার ব্যাপকভাবে সাড়া পাওয়া যাচ্ছে। বাংলাদেশে স্মার্টফোনের ব্যবহারের ব্যাপক বিস্তার এ অ্যাপসটিকে খামারিদের কাছে অধিক জনপ্রিয় করে তুলতে সক্ষম হচ্ছে। মোবাইল অ্যাপসটির ব্যবহারজনিত কোন সমস্যা সমাধানে মলাটের পিছনের পৃষ্ঠায় প্রদত্ত উদ্ভাবক পরিচিতি অপশনে উদ্ভাবকের স্বয়ংক্রিয় মোবাইল নম্বরে যোগাযোগ করার মাধ্যমে সমাধান করা যাবে।

**উদ্ভাবক**
ডাঃ সোনিয়া আক্তার
বৈজ্ঞানিক কর্মকর্তা, ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট।

**বিশেষ সহযোগিতায়**
ডাঃ মোঃ জাকির হাসান
ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রাণিস্বাস্থ্য গবেষণা বিভাগ
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট।

**সার্বিক তত্ত্বাবধানে**
ড. এস এম জাহাঙ্গীর হোসেন
মহাপরিচালক
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা-১৩৪১।

**ড. নাসরিন সুলতানা**
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও পরিচালক (গবেষণা)
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা-১৩৪১।

**কৃতজ্ঞতায়**
১) এ টু আই
২) ইনোভেশন টিম, বিএলআরআই
৩) মোহাম্মদ লুৎফুল হক, সিস্টেম এনালিস্ট, সেবা ও সহায়তা বিভাগ
বিএলআরআই

**প্রকাশকাল:** মার্চ, ২০২২ খ্রিঃ
বিএলআরআই প্রকাশনা নং -৩৩৭
**প্রথম সংস্করণ:** ৫০০ (পাঁচশত কপি)

**প্রকাশনায়**
গ্রীনওয়ে বিজনেস ইনোভেশন আইডিয়া
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা-১৩৪১

**যোগাযোগ**
ডাঃ সোনিয়া আক্তার, বৈজ্ঞানিক কর্মকর্তা
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
মোবাইল : ০১৭১৭৮৭১৯১১
ই-মেইল : soniahossain77@gmail.com, dg@blri.gov.bd
ওয়েবসাইট : www.blri.gov.bd

# গ্রীনওয়ে বিজনেস অ্যাপস

গ্রীনওয়ে
স্বল্প সময় বেশি আয় বিএলআরআই অ্যাপস শেখায়

**বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট**
সাভার, ঢাকা-১৩৪১
**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**